

website: www.bangladesh-bank.org

www.bangladeshbank.org.bd

আর্থিক প্রতিষ্ঠান ও বাজার বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা ।

ডিএফআইএম সার্কুলার নং- ১০

তারিখ: ২৩ অগস্ত, ১৪১৭
০৭ ডিসেম্বর, ২০১০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল আর্থিক প্রতিষ্ঠান

প্রিয় মহোদয়,

আর্থিক প্রতিষ্ঠানের গ্রাহকদের নিকট থেকে ফি/চার্জ/কমিশন ইত্যাদি আদায় প্রসংগে ।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, আর্থিক প্রতিষ্ঠানসমূহ খণ্ড/লীজের বিপরীতে সুদ আদায় ছাড়াও কতিপয় সেবা প্রদানের ক্ষেত্রে গ্রাহকদের নিকট থেকে অযৌক্তিক ফি/চার্জ/কমিশন আদায় করে থাকে। এতদ্বেক্ষিতে আর্থিক প্রতিষ্ঠান কর্তৃক বিভিন্ন সেবা প্রদানের বিপরীতে চার্জ/ফি/কর্মিশন আরোপ/আদায় যৌক্তিকভাবে লক্ষ্য নির্বর্ণিত নির্দেশনা জারি করা হলোঃ-

- ১) আর্থিক প্রতিষ্ঠানসমূহকে তাদের খণ্ড/লীজের বিপরীতে আরোপিত সুদসহ অন্যান্য সেবা প্রদানের বিপরীতে আরোপিত ফি/চার্জ/কমিশনের পূর্ণ তালিকা স্ব স্ব প্রতিষ্ঠানের প্রধান কার্যালয় ও শাখাসমূহের দর্শনীয় স্থানে প্রদর্শন এবং নিজস্ব ওয়েবসাইটে প্রকাশ করতে হবে।
 - ২) খণ্ড/লীজের বিপরীতে আরোপিত সুদ এবং বিভিন্ন সেবা প্রদানের ক্ষেত্রে আরোপিত ফি/চার্জ/কমিশন এর হার/পরিমাণ সংশ্লিষ্ট মঙ্গুরীপত্রে সুনির্দিষ্টভাবে উল্লেখ থাকতে হবে।
 - ৩) ঘোষিত/প্রকাশিত তালিকায় উল্লিখিত হার/পরিমাণের চেয়ে বেশী হার/পরিমাণে কোন সুদ/ফি/চার্জ/কমিশন আরোপ/আদায় করা যাবে না।
 - ৪) কোন খণ্ড/লীজ হিসাব পুনঃতফসিলকরণের ক্ষেত্রে নির্ধারিত হারে ডাউনপেমেন্ট ব্যতিরেকে অন্য কোন ফি/চার্জ/কমিশন আরোপ/আদায় করা যাবে না।
 - ৫) খণ্ড/লীজ অন্য ব্যাংক/আর্থিক প্রতিষ্ঠানে স্থানান্তরের জন্য কোন রকম ফি/চার্জ/কমিশন আদায় করা যাবে না।
 - ৬) গ্রাহক কর্তৃক গৃহীত খণ্ড/লীজ মেয়াদপূর্বির পূর্বে পরিশোধের ক্ষেত্রে বকেয়া খণ্ড/লীজের ২% এর অধিক Early Settlement Fee বা অনুরূপ কোন ফি আদায় করা যাবে না।
 - ৭) কমিটমেন্ট ফি, সুপারভিশন ফি ও চেক ফেরৎ (Cheque Dishonour) ফি নামে কোন চার্জ/কমিশন আদায় করা যাবে না।
 - ৮) প্রতিষ্ঠান কর্তৃক ঘোষিত ফি/চার্জ/কমিশনের তালিকা নিয়মিতভাবে জুন ও ডিসেম্বর ঘান্মাসিক ভিত্তিতে যথাক্রমে পরবর্তী জুলাই ৩১ ও জানুয়ারী ৩১ এর মধ্যে অত্র বিভাগে প্রেরণ করতে হবে।
 - ৯) বাংলাদেশ ব্যাংক সময়ে সময়ে আর্থিক প্রতিষ্ঠানসমূহ কর্তৃক ঘোষিত/প্রকাশিত ফি/চার্জ/কমিশন এর হার/পরিমাণ পর্যালোচনাপূর্বক তা যৌক্তিকভাবে বিষয় বিবেচনা করবে।
- আর্থিক প্রতিষ্ঠান আইন, ১৯৯৩ এর ১৮(ছ) ধারার ক্ষমতাবলে জনস্বার্থে এ আদেশ জারী করা হলো।
- অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ শফিকুল ইসলাম)

উপমহাব্যবস্থাপক

ফোন নং-৭১২০৯৫৬